

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম এর অফিস কক্ষ
সভার নম্বর, তারিখ ও সময় : সভার নম্বর :....., তারিখ : ২৫/১২/২০২১ খ্রিঃ এবং সময় : সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম/পদবী ও স্বাক্ষর

ক্র.সং	সদস্যবৃন্দের নাম/পদবী ও ঠিকানা	পদবী	স্বাক্ষর
১.	বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, লোহাগাড়া, চট্টগ্রাম	সভাপতি	স্বাক্ষরিত
২.	জনাব এম. হুদুস্‌সাম, ভাইস চেয়ারম্যান, লোহাগাড়া, চট্টগ্রাম	সদস্য	স্বাক্ষরিত
৩.	জনাব আলহাজ্ব মুক্তাছফা সৌধী, চেয়ারম্যান, লোহাগাড়া ইউ, পি	সদস্য	স্বাক্ষরিত
৪.	বেগম শিবিন আক্তার, সংযুক্ত মহিলা সদস্য, লোহাগাড়া, চট্টগ্রাম	সদস্য	স্বাক্ষরিত
৫.	জনাব দেলোয়ার হোসাইন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লোহাগাড়া, চট্টগ্রাম	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্যসূচী সমূহ :

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। আর.এস.এস (সুদ মুক্ত ক্ষুদ্রঋণ) কার্যক্রম সংক্রান্ত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ।
- ০৩। বিবিধ।

আলোচ্যসূচী-০১ : সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে উপজেলা সমাজসেবা অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম বিগত সভার কার্যবিবরণী উপস্থিত সদস্যদেরকে পাঠ করে শুনায়। বিগত সভার কার্যবিবরণীতে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উপস্থিত সবার সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

আলোচ্যসূচী-০২ : উপজেলা সমাজসেবা অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম সভায় জানায় যে, আর.এস.এস (সুদ মুক্ত ক্ষুদ্রঋণ) কার্যক্রমের অওতায় লোহাগাড়ায় এই পর্যন্ত ৭৮৫০০০০ টাকা বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দের সকল অর্থ ২২ টি প্রকল্প গ্রামে বিনিয়োগ করা হয়। কয়েকটি ছাড়া বাকি সকল প্রকল্প গ্রামে আদায়ের হার সন্তোষজনক রয়েছে বলে সমাজসেবা অফিসার সভায় জানায়। শতভাগ আদায়কৃত গ্রামগুলোতে প্রায় ২৫৫০০০০ টাকা পুনঃবিনিয়োগ করা হয়। অনাদায়ী অর্থ আদায়ের ব্যাপারে সমাজসেবা অফিসার সকলের সহযোগিতা চান। সভায় উপস্থিত সবার সম্মতিক্রমে অনাদায়ী অর্থ আদায়ের জন্য ঋণগ্রহীতাদেরকে নোটিশ দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটিতে ও এই প্রস্তাব উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-০৩ : সভায় উপস্থিত সদস্যরা উপজেলা পরিষদের সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির কার্যক্রমের উপর সম্মতি প্রকাশ করেন। পরিশেষে আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জেসমিন

জেসমিন আক্তার

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি
লোহাগাড়া, চট্টগ্রাম।